গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(প্রশাসন শাখা-১)
www.rdcd.gov.bd

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নভেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় (অভ্যন্তরীণ) সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সভার তারিখ ও সময়	:	০৪ জানুয়ারি ২০২৬ রবিবার সকাল ১০:০০ ঘটিকা
সভার স্থান	:	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (ভবন নম্বর-৭, কক্ষ নম্বর-৬৩৩, বাংলাদেশ সচিবালয়)
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) গত ১৮/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত আগস্ট ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ অবহিত করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২.০ যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	শূন্য পদ পূরণ: I. সরাসরি নিয়োগের মাধ্যমে	বর্তমানে এ বিভাগের ০৬টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে গত ০১/১১/২০২৫ তারিখে ০২ (দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় (দি ডেইলি স্টার এবং দৈনিক যুগান্তর) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদনকারীগণ-কে ১০/১১/২০২৫ হতে ০৯/১২/২০২৫ তারিখের মধ্যে টেলিটক বাংলাদেশ লিমিডেট এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে আহবান করা হয়। যার মেয়াদ ০৯/১২/২০২৫ তারিখে শেষ হয়েছে। মোট ২,৭৮১ (দুই হাজার সাতশত একাশি) টি আবেদন পাওয়া গিয়েছে। সভাপতি নিয়োগ প্রক্রিয়া দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।	প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সকল পদের নিয়োগ প্রক্রিয়া আগামী ০১ (এক) মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট), উপসচিব (প্রশাসন), এ বিভাগ
	II. পদোন্নতির মাধ্যমে	এ বিভাগের ২য় শ্রেণির 'প্রশাসনিক কর্মকর্তা'-এর ০১টি শূন্য পদে পদোন্নতির নিমিত্ত পিএসসি'র চাহিত তথ্য পুনরায় পিএসসি'তে প্রেরণ করা হয়েছে। পিএসসি হতে তা না মঞ্জুর করা হয়েছে। পদোন্নতিযোগ্য হওয়া মাত্রই পদোন্নতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	এ বিভাগের ২য় শ্রেণির 'প্রশাসনিক কর্মকর্তা'-এর ০১টি শূন্য পদে পদোন্নতির নিমিত্ত কম্পিউটার অপারেটর পদে কর্মরত কর্মচারীদের চাকুরিকাল ০৫ (পাঁচ) বছর হওয়া মাত্রই অর্থাৎ ফিডার পদে উন্নতি হওয়া মাত্র পদোন্নতি প্রদান করতে হবে।	
২.২	সাংগঠনিক কাঠামো হালনাগাদ, পদ সৃজন ও আইন/ প্রবিধিমালা প্রণয়ন/সংশোধন	এ বিভাগের 'সচিব' পদ সৃজনে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় উপস্থাপনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। সচিব' পদ সৃজনের জন্য দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	এ বিভাগের 'সচিব' পদ সৃজনে প্রস্তাব প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় উপস্থাপনের জন্য গত ১১ জানুয়ারি ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), এ বিভাগ
২.৩	অডিট আপত্তি	ক) ভবিষ্যতে অডিট আপত্তি পরিহার করার লক্ষ্যে আর্থিক বিধি-বিধান সতর্কতার সাথে প্রতিপালন করা হচ্ছে। খ) এ বিভাগের অডিট কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে গত ১৫/০৯/২০২৫ তারিখে মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়। তারপর পরিপ্রেক্ষিতে অডিট অধিদপ্তর জানিয়েছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহের নিরীক্ষা কার্যক্রম দ্বিতীয় অর্ধবার্ষিকীতে সম্পন্ন করার নিমিত্ত বার্ষিক অডিট ক্যালেন্ডার অনুমোদিত হয়েছে। আগামী জানুয়ারী ২০২৬ থেকে সকল কস্ট সেন্টারের অডিট কার্যক্রম শুরু করা হবে।	ক) ভবিষ্যতে অডিট আপত্তি পরিহার করার লক্ষ্যে আর্থিক বিধি-বিধান সতর্কতার সাথে প্রতিপালন করতে হবে। খ) এ বিভাগের হালনাগাদ অডিট কার্যক্রম সম্পাদনের জন্য স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে যোগাযোগ করে দ্রুততম সময়ে হালনাগাদ অডিট কার্যক্রম সম্পাদন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এবং উপসচিব (বাজেট), এ বিভাগ
২.৪	অনিষ্পন্ন বিষয়	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল শাখা এবং অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে সঠিকভাবে উপস্থাপন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল শাখা এবং অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে সঠিকভাবে উপস্থাপন করতে হবে।	অনুবিভাগ/ অধিশাখা/ শাখা, এ বিভাগ

২.৫	শাখা পরিদর্শন	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুবিভাগ/অধিশাখা/শাখার প্রধানগণকে সচিবালয় নির্দেশমালা-২০২৪ অনুযায়ী নিয়মিতভাবে শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুবিভাগ/অধিশাখা/শাখার প্রধানগণকে সচিবালয় নির্দেশমালা-২০২৪ অনুযায়ী নিয়মিতভাবে শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে।	অনুবিভাগ/ অধিশাখা/ শাখা, এ বিভাগ
২.৬	ডি-নথি কার্যক্রম	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নথির কার্যক্রম ইতোমধ্যে ডি-নথিতে নিষ্পন্ন করা হচ্ছে। এ বিভাগের শাখাভিত্তিক অর্জনের বিস্তারিত তথ্য সভায় নিয়মিত উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল শাখার নথির কার্যক্রম ডি-নথিতে নিষ্পন্ন করতে হবে। খ) ডি-নথির নিষ্পন্নের হার প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	অনুবিভাগ, অধিশাখা, শাখা (সকল) এবং সিস্টেম এনালিস্ট, এ বিভাগ
২.৭	অভ্যন্তরীণ প্রশিক্ষণ	২০২৫-২০২৬ অর্থবছরের জন্য বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত ক্যালেন্ডার অনুযায়ী পর্যায়ক্রমে প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে। ইতোমধ্যে ০২টি ব্যাচে সঞ্জীবনী প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।	২০২৫-২০২৬ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত বার্ষিক ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।	উপসচিব (প্রশাসন) এ বিভাগ
২.৮	ক. বিভাগীয় মামলা	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ০২ টি বিভাগীয় মামলা রয়েছে। উক্ত ০২টি বিভাগীয় মামলার মধ্যে বিভাগীয় মামলা নং-০৩/২০২৩ এবং ০১/২০২৪ সংক্রান্তে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য তদন্তকারী কর্মকর্তাদ্বয়কে গত ২৩/০২/২০২৫ তারিখে তাগিদ পত্র দেয়া হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি বলে পুনরায় তাগিদ পত্র দেওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	বিভাগীয় মামলা নং-০৩/২০২৩ এবং ০১/২০২৪-এর তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য তদন্তকারী কর্মকর্তাগণকে গত ০৫ জানুয়ারি ২০২৬ তারিখে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি প্রতিবেদন পাওয়া যায়নি। তদন্তকারী কর্মকর্তাগণের সঙ্গে যোগাযোগ রাখতে হবে।	অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), সিনিয়র সহকারী সচিব (আইন), এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	খ. সিভিল মামলা	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের বিগত সেপ্টেম্বর হতে নভেম্বর ২০২৫ মাস পর্যন্ত সর্বমোট ৫৭টি সিভিল পিটিশন মামলা দায়ের করা হয়েছে। তার মধ্যে পিডিবিএফ-এর ০২(দুই)টি সিভিল পিটিশন মামলা নিষ্পত্তি করা হয়েছে।	এ বিভাগের প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত ছক অনুযায়ী সিভিল মামলার হালনাগাদ তথ্য আলাদাভাবে প্রেরণ করতে হবে।	
	গ. রিট পিটিশন	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের বিগত সেপ্টেম্বর হতে নভেম্বর ২০২৫ মাস পর্যন্ত সর্বমোট ৭২৯টি রিট পিটিশন মামলা দায়ের করা হয়েছে। তার মধ্যে সমবায় অধিদপ্তর-এর ০১টি, আরডিএ, বগুড়া-এর ০১টি এবং পিডিবিএফ-এর ০১(এক)টি রিট পিটিশন মামলা নিষ্পত্তি করা হয়েছে।	এ বিভাগের প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত ছক অনুযায়ী রিট পিটিশন মামলার হালনাগাদ তথ্য আলাদাভাবে প্রেরণ করতে হবে।	
	ঘ. কনটেম্পট মামলা/ জনগুরুত্বপূর্ণ মামলা	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের বিগত সেপ্টেম্বর হতে নভেম্বর ২০২৫ মাস পর্যন্ত সর্বমোট ৩১টি কনটেম্পট মামলা/জনগুরুত্বপূর্ণ মামলা দায়ের করা হয়েছে। তার মধ্যে বিগত ০৩ (তিন) মাসে কোনো মামলা নিষ্পত্তি করা হয়নি।	এ বিভাগের প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত ছক অনুযায়ী কনটেম্পট মামলা/জনগুরুত্বপূর্ণ মামলার হালনাগাদ তথ্য আলাদাভাবে প্রেরণ করতে হবে।	
২.৯	Integrated Digital Service Delivery Platform (IDSDP) System	দপ্তর/সংস্থা হতে ০৪ ডিসেম্বর ২০২৫ এর প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে ০৬(ছয়)টি কম্পোনেন্ট/সিস্টেম-এর মোট ফিচার সংখ্যা ৯১৩টি। ইতোমধ্যে ডেভেলপ সম্পন্ন করা হয়েছে ৭৫৪টি ফিচার এবং ১৫৯টি ফিচার এখন পর্যন্ত তৈরি সম্পন্ন হয় নাই। এই ১৫৯টি ফিচারের মধ্যে প্রায় ১৪৯টি ফিচারই NID, Ekpay (Payment Gateway) এবং SMS গেটওয়ের উপর নির্ভরশীল। ইতোমধ্যেই বাংলাদেশ টেলিটকের সাথে SMS, Gateway ইন্টিগ্রেশনের চুক্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে। NID এর সাথে ইন্টিগ্রেশনের জন্য চুক্তি সংক্রান্ত নথি উপস্থাপন করা হয়েছে। আর্থিক লেনদেনের জন্য সরকারি পেমেন্ট গেটওয়ে এস্পায়ার টু ইনোভেট (এটুআই) এর Ekpay সাথে MoU করা প্রয়োজন।	ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধান ও ভেন্ডরের প্রতিনিধি সমন্বয়ে নিয়মিত সভা করতে হবে। NID ইন্টিগ্রেশন, SMS, Gateway, Ekpay বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), সিস্টেম এনালিস্ট, এ বিভাগ
২.১০	সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন	সময়াবদ্ধ সংশোধিত সংস্কার পরিকল্পনার তথ্যাদি ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে পরবর্তী নির্দেশনা পাওয়ার পর কার্যক্রম গ্রহণ করা হবে।	সংশোধিত সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার বিষয়ে নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (আইন ও প্রতিষ্ঠান), এ বিভাগ
২.১১	প্রতিবেদন দাখিল	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সভায় যোগদান শেষে এ বিভাগের প্রশাসন শাখা-১ কর্তৃক প্রস্তুতকৃত নির্ধারিত ছক মোতাবেক প্রতিবেদন দাখিল করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।।	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সভায় যোগদান শেষে এ বিভাগের প্রশাসন শাখা-১ কর্তৃক প্রস্তুতকৃত নির্ধারিত ছক মোতাবেক প্রতিবেদন দাখিল করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), এ বিভাগ

২.১২	বিবিধ	উপদেষ্টা পরিষদের বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট থাকার জন্য সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন।	উপদেষ্টা পরিষদের বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট থাকতে হবে।	যুগ্মসচিব (আইন ও প্রতিষ্ঠান), এ বিভাগ
		CIRDAP-সহ অন্যান্য বিদেশী (AARDO, NEDAC, ICA) সংস্থার বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণে এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থা হতে কর্মকর্তা প্রেরণ করা হয়। CIRDAP-এর GC ও EC সভা আহবান সংক্রান্ত কর্মসূচি এবং সম্ভাব্য বাজেটের পরিমাণ জানতে চেয়ে গত ০৮/১০/২০২৫ তারিখে CIRDAP বরাবর পত্র প্রেরণ করা হলে CIRDAP এর ০৪/১১/২০২৫ তারিখের AD 185-2242 নম্বর স্মারকের ৭৩,৩২,১০০/- (তিয়াত্তর লক্ষ বত্রিশ হাজার একশত) টাকার বাজেট চেয়ে এ বিভাগে পত্র প্রেরণ করেছে। সভাপতি বর্ণিত টাকা আগামী অর্থ বছরে বাজেটে রাখার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	ক). CIRDAP-সহ অন্যান্য বিদেশী (AARDO, NEDAC, ICA) সংস্থার বিভিন্ন বিষয়ের অগ্রগতির তথ্য প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। খ). আগামী ২০২৬-২৭ অর্থবছরে CIRDAP-এর GC ও EC সভার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্র: ও বাজেট) এবং সি. সহকারী সচিব (প্রশাসন-১), এ বিভাগ
		"জাতীয় পল্লী উন্নয়ন নীতি, ২০০১ হালনাগাদকরণের লক্ষ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এর সভাপতিত্বে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়। উক্ত কমিটি কর্তৃক সর্বমোট ১০(দশ)টি সভা করে "জাতীয় পল্লী উন্নয়ন নীতি, ২০২৫" এর খসড়া চূড়ান্ত করে ০৫/১১/২০২৫ তারিখের ১০৭ নম্বর স্মারকে এ বিভাগের সচিব মহোদয় বরাবর পত্র দাখিল করা হয়। সেপ্রেক্ষিতে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যক্রম চলমান রয়েছে।	জাতীয় পল্লী উন্নয়ন নীতি, ২০০১ হালনাগাদকরণের লক্ষ্যে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করে জাতীয় পল্লী উন্নয়ন নীতি ২০২৫ চূড়ান্ত করতে হবে।	যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন), এ বিভাগ

৩.০ অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৭/২৬

(মোহাং শওকত রশীদ চৌধুরী)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.০৬.০২৩.২৫-৯৬

তারিখ: ১১ মাঘ ১৪৩২ / ২৫ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রশাসন ও বাজেট)/(আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট/আইন ও প্রতিষ্ঠান/পরিকল্পনা ও উন্নয়ন/প্রতিষ্ঠান-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
৬. সিনিয়র সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. অফিস/মাস্টার কপি।

২৫/০১/২৬

(কল্যাণ চৌধুরী)
উপসচিব (বিকল্প কর্মকর্তা)
ফোন: +৮৮০২-২২৩৩৫৫৫৭০
e-mail: admin1.section@rdcd.gov.bd